কালের কণ্ঠ

তারিখ 14 SEP 2015
পৃষ্ঠা ১৯ কলাম 2

# নিয়োগ নিয়ে সংঘর্ষে জড়াল ছাত্রলীগ

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ▷

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ কলেজে শিক্ষক নিয়োগ নিয়ে ছাত্রলীগের দুপক্ষের সংঘর্ষ হয়েছে। লাঠিপেটা ও চার রাউন্ড গুলি বর্ষণ করে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেছে পুলিশ। গতকাল রবিবার দুপুরে উপজেলা সদরে এ ঘটনা ঘটে।

## ঈশ্বরগঞ্জ কলেজ

স্থানীয় সূত্রে জানা যায়, ঈশ্বরগঞ্জ কলেজে স্নাতক (সম্মান) কোর্সের বাংলা, হিসাববিজ্ঞান ও সমাজকর্ম বিভাগের জন্য ১৫ জন শিক্ষক নিয়োগ দেওয়া হচ্ছে। উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাসান মাহমুদ নিয়োগ বাণিজ্যের অভিযোগ তোলেন। কলেজ পরিচালনা কমিটির সভাপতি, সাবেক সংসদ সদস্য ও আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা মো. আবদুছ ছাত্তার নিয়োগ হওয়ার পক্ষে। গতকাল রবিবার নিয়োগ, পরীক্ষার ঘোষিত তারিখ ছিল। কিন্তু সকাল থেকেই নিয়োগবিরোধী পক্ষ কলেজে অবস্থান নেয়। কর্তৃপক্ষ অনিবার্য কারণ দেখিয়ে পরীক্ষা স্থগিত রাখার ঘোষণা দেন। এর আগে গত ২২ আগস্ট পরীক্ষা স্থগিত করা হয়েছিল।

এদিকে গতকাল দুপুরে ছাত্রলীগের দুপক্ষের নেতাকর্মীদের মধ্যে তুমুল উত্তেজনা দেখা দেয়। একপর্যায়ে উভয় পক্ষ দেশি অস্ত্রশস্ত্র নিয়ে সংঘর্ষে লিপ্ত হওয়ার চেষ্টা করলে শহরে উপস্থিত লোকজনের মধ্যে ছোটাছুটি শুরু হয়। পরিস্থিতির অবনতির আশঙ্কায় পুলিশ লাঠিপেটা এবং চার রাউন্ড গুলি বর্ষণ করে। এতে আহত হন মামুন (১৮), মতিন (২০), রিয়াদ (২২) ও সুজন (২৪)।

ঈশ্বরগঞ্জ ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ মো. মাসুদুল হক বলেন, 'দুইবার চেষ্টা করেও বাধার মুখে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা যায়নি।'